



তথ্যবিবরণী

নম্বর-১২৩

রাজশাহীতে সংবর্ধিত দশ জয়িতা

রাজশাহী, ২৪ অগ্রহায়ণ (০৯ ডিসেম্বর):

আজ সোমবার (৯ ডিসেম্বর) বেলা এগারোটায় রাজশাহী জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের যৌথ আয়োজনে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস উপলক্ষ্যে শ্রেষ্ঠ জয়িতাদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিভাগীয় কমিশনার খন্দকার আজিম আহমেদ এ সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার 'নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ' এবং 'বেগম রোকেয়া দিবস'-এর তাৎপর্য তুলে ধরে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন। তিনি বলেন, আপনারা যদি সমাজের সার্বিক উন্নয়নের কথা চিন্তা করেন তাহলে আমরা সবাই ছোট-বড় একজন সমাজবিজ্ঞানী। এই বিজ্ঞানের চিন্তা-ভাবনা কাজে লাগিয়ে আমাদের সমাজকে নির্যাতন মুক্ত করতে সকলকে এগিয়ে আসতে হবে। আমরা আপনাদের পক্ষে সবসময় আছি এবং থাকবো।

জেলা প্রশাসক আফিয়া আখতারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে অতিরিক্ত পুলিশ সুপার আবু সাঈদ মো. আশরাফুল ইসলাম, রাজশাহী সিভিল সার্জন ডা. আবু সাঈদ মোহাম্মদ ফারুক বক্তৃতা করেন। রাজশাহী মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক শবনম শিরিন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন। অন্যান্যের মধ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থীসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

পরে জেলার ৫ জন ও সিটি কর্পোরেশনের ৫ জনসহ মোট ১০ জন নির্বাচিত শ্রেষ্ঠ জয়িতাকে উত্তরীয় পরিয়ে দেয়া হয় এবং তাঁদের হাতে সনদ, ক্রেস্ট এবং জয়িতা লোগো সম্বলিত মগ তুলে দেওয়া হয়।

এ বছর রাজশাহী জেলার পাঁচজন শ্রেষ্ঠ জয়িতা হলেন- অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী ক্যাটাগরিতে মতিহার থানার রিপা খাতুন, শিক্ষা ও চাকরি ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী ক্যাটাগরিতে পুঠিয়া উপজেলার মোসা: সাদিয়া ইয়াসমিন, সফল জননী নারী ক্যাটাগরিতে দুর্গাপুর উপজেলার মোছা: দিনা জহুরা, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী ক্যাটাগরিতে বোয়ালিয়া থানার মোসা: ইয়াসমিন আক্তার এবং সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছে যে নারী ক্যাটাগরিতে পবা উপজেলার মোসা: বিলকিস বেগম।

অন্যদিকে রাজশাহী সিটি কর্পোরেশনের পাঁচজন শ্রেষ্ঠ জয়িতা হলেন- অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী ক্যাটাগরিতে রিপা খাতুন, শিক্ষা ও চাকরি ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী ক্যাটাগরিতে জান্নাতুন নাহার আভা, সফল জননী নারী ক্যাটাগরিতে সাহেরা বানু, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী ক্যাটাগরিতে মোসা. ইয়াসমিন আক্তার এবং সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছে যে নারী ক্যাটাগরিতে মোসা. মৌসুমী আক্তার।

.....

তৌহিদ/আলীম/রুহুল/কনক/হালিম/২০২৪/১৬.৪০ ঘ.